গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশিক্ষণ পরিচালনা শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৩৮.০০০১.২৫.১৭৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ২৮-১১-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ১ (এক) দিনের জন্য ( ৪ কলাম X ১৬ ইঞ্চি) ভিতরের পাতায় single space এ ১০ ফন্ট সাইজে সাদা কালো ফরম্যাটে অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি প্রকাশ করার নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। বর্ণিতাবস্থায়, অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি প্রকাশ পরবর্তী পত্রিকার সৌজন্য ০৩ কপিসহ বিল (২ কপি) বিএমইটি বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: বর্ণানানুসারে।**

২৬-১১-২০২৫
প্রকৌঃ মোঃ সালাহ উদ্দিন
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সম্পাদক, The Daily Star, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
২। সম্পাদক, দৈনিক যুগান্তর, ক-২৪৪, প্রগতি সরণি, কুড়িল বিশ্বরোড, বারিধারা, ঢাকা।
৩। সম্পাদক, দৈনিক নয়াদিগন্ত, ১ আর. কে মিশন রোড, (মানিক মিয়া ফাউন্ডেশন), মতিঝিল, ঢাকা-১২০৩।

**স্মারক নম্বর:** ৪৯.০১.০০০০.০০০.০০০.৩৮.০০০১.২৫.১৭৬/১ (৮)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, প্রশিক্ষণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিজ্ঞপ্তি ও আবেদন ফরমটি বিএমইট'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ও আবেদন ফরমটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সহকারী পরিচালক, মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয়

অবগতির জন্য)।
৭। নোটিশ বোর্ড, বিএমইটি, ঢাকা।
৮। অফিস কপি, ২০২৫।

২৬-১১-২০২৫
প্রকৌঃ মোঃ সালাহ উদ্দিন
পরিচালক

# অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

জাপান, কোরিয়া, মধ্যপ্রাচ্য ও ইউরোপের বিভিন্ন দেশে গমনেচ্ছুদের জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর নিয়ন্ত্রণাধীন ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি)/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)/শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তরসমূহে জাপানিজ, কোরিয়ান, আরবি, জার্মান, ইটালিয়ান ও ইংরেজি ভাষা শিক্ষা কোর্স পরিচালনার জন্য অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণের লক্ষ্যে প্যানেল তৈরির নিমিত্ত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

অতিথি ভাষা প্রশিক্ষক হিসেবে কাজ করতে আগ্রহী প্রার্থীদের **জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর ওয়েবসাইট www.bmet.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে সঠিকভাবে পুরণপূর্বক শুধুমাত্র আবেদনপত্রের স্ক্যান কপি bmettrs@gmail.com ই-মেইলে বিজ্ঞাপন প্রকাশের তারিখ হতে আগামী ০৮-১২-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।** শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, ভাষাগত দক্ষতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রের অনুলিপি এবং এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করে লিখিত পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্রের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। উল্লেখ্য, ই-মেইলে প্রেরণকৃত আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযুক্ত করার প্রয়োজন নাই।

| ক্রমিক নম্বর | পদ ও ভাষা প্রশিক্ষণ কোর্সের নাম | পদের সংখ্যা | ঘন্টা প্রতি সম্মানীর হার | আবেদনের যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | অতিথি ভাষা প্রশিক্ষক (জাপানিজ ভাষা) | ৫১ টি | প্রতি ঘন্টা ৮০০/- (আটশত) টাকা<br><br>[দায়িত্ব পালন সাপেক্ষে প্রতি কার্য দিবসে সর্বোচ্চ ৪ ঘন্টার সম্মানী ভাতা প্রাপ্য হবে। | ন্যূনতম এইচএসসি/সমমান পাশসহ জাপানিজ ভাষাগত দক্ষতায় JLPT N3/সমমান লেভেল পাশ হতে হবে। জাপানে ৩ বছরের অধিক সময় অবস্থানকারীগণ/স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ৩ বছরের অধিক সময় জাপানিজ ভাষা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনকারীগণ অগ্রাধিকার পাবেন। অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২ | অতিথি ভাষা প্রশিক্ষক (কোরিয়ান ভাষা) | ১ টি | | ন্যূনতম এইচএসসি/সমমান পাশসহ কোরিয়ান ভাষাগত দক্ষতা পরীক্ষায় TOPIK Level-3/ সমমান পাশ হতে হবে। কোরিয়ায় ৩ বছরের অধিক সময় অবস্থানকারীগণ /স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ৩ বছরের অধিক সময় কোরিয়ান ভাষা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনকারীগণ অগ্রাধিকার পাবেন। অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৩ | অতিথি ভাষা প্রশিক্ষক (ইংরেজি ভাষা) | ৩১ টি | | সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে। ইংরেজি ভাষাভাষি দেশে ৩ বছরের অধিক সময় অবস্থানকারীগণ/স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ৩ বছরের অধিক সময় ইংরেজি ভাষা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনকারীগণ/IELTS-এ ৬.৫ পয়েন্ট অর্জনকারী প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৪ | অতিথি ভাষা প্রশিক্ষক (আরবি ভাষা) | ২৬ টি | | সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে। আরবি ভাষাভাষি দেশে ৩ বছরের বছরের অধিক সময় অবস্থানকারীগণ/স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ৩ বছরের অধিক সময় আরবি ভাষা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনকারীগণ অগ্রাধিকার পাবেন। অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৫ | অতিথি ভাষা প্রশিক্ষক (জার্মান ভাষা) | ০৭ টি | | ন্যূনতম এইচএসসি/সমমান পাশসহ জার্মান ভাষাগত দক্ষতা পরীক্ষায় ন্যূনতম Level-B1 পাশ থাকতে হবে। জার্মানিতে ৩ বছর বা অধিক সময় কাজের/স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ৩ বছরের অধিক সময় জার্মান ভাষা প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। অধিক যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৬ | অতিথি ভাষা প্রশিক্ষক (ইটালিয়ান ভাষা) | ০৮ টি | | ন্যূনতম এইচএসসি/সমমান পাশসহ ইটালিয়ান ভাষাগত দক্ষতা পরীক্ষায় ন্যূনতম Level-A2 পাশ থাকতে হবে। ইতালিতে ৩ বছর বা অধিক সময় কাজের/স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ৩ বছরের অধিক সময় ইটালিয়ান ভাষা প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। অধিক যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলী:**

১। আবেদনকারীকে মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রে (১) পদের নাম (২) প্রার্থীর নাম (৩) প্রার্থীর পিতা/স্বামীর নাম (৪) মাতার নাম (৫) জাতীয় পরিচয় পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর (৬) জন্ম তারিখ (৭) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স (৮) প্রার্থীর নিজ জেলা (৯) স্থায়ী ঠিকানা (১০) যোগাযোগের ঠিকানা (১১) যোগাযোগের মোবাইল/টেলিফোন নম্বর ও ই-মেইল আইডি (১২) জাতীয়তা (১৩) জেন্ডার (১৪) ধর্ম (১৫) পেশা (১৬) শিক্ষাগত যোগ্যতা (১৭) সংশ্লিষ্ট ভাষার উপর দক্ষতা লেভেল ও অতিরিক্ত যোগ্যতা (১৮) অভিজ্ঞতার বিবরণ (১৯) বৈবাহিক অবস্থা (২০) বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকার নাম ও তারিখ উল্লেখ করতে হবে।

২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।

৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ২২ হতে সর্বোচ্চ ৪৫ বছর এর মধ্যে হতে হবে।

৪। নির্বাচিত অতিথি ভাষা প্রশিক্ষকগণ শুধুমাত্র কার্যদিবসসমূহের দায়িত্ব পালনের জন্য ঘন্টা প্রতি উল্লিখিত সম্মানী প্রাপ্য হবেন। এছাড়া অন্যান্য ভাতা প্রাপ্য হবেন না।

৫। কার্যদিবস ব্যতিত অন্য কোন দিনের অর্থাৎ ছুটির দিনের জন্য কোন সম্মানী প্রাপ্য হবে না।

৬। প্রাপ্য সম্মানী হতে ১০% হারে আয়কর কর্তন করা হবে।

৭। আমন্ত্রণ প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত অতিথি ভাষা প্রশিক্ষকগণ দায়িত্ব পালন করবেন। কোন কারণ দর্শানো ব্যতিত কর্তৃপক্ষ যে কোন সময় তাঁর আমন্ত্রণ বাতিল করার ক্ষমতা রাখে।

৮। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন হবে, সেক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৯। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের দিন পূরণকৃত মূল আবেদন পত্র ও প্রবেশ পত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি। (খ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গিন ছবি। (গ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (ঘ) সংশ্লিষ্ট ভাষার দক্ষতা পরীক্ষার সনদপত্রের ফটোকপি (ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করে পরীক্ষা কেন্দ্রের নির্ধারিত কাউন্টারে সরাসরি জমা প্রদান করতে হবে।

১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষা সময়ে প্রবেশপত্রসহ জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ ও সকল সনদপত্রের মূল কপি সঙ্গে নিয়ে আসতে হবে।

১১। লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ ও স্থান প্রার্থীর আবেদন পত্রে উল্লিখিত ই-মেইল ও মোবাইলে এসএমএস প্রেরণের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

১২। নিয়োজিতকরণ পরীক্ষার ফলাফল পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড/মোবাইল/বিএমইটি'র ওয়েবসাইট **www.bmet.gov.bd** এর মাধ্যমে প্রকাশ করা হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৪। প্রার্থীকে দেশের অভ্যন্তরে যে কোন উপজেলা/জেলায় কাজ করার মানসিকতা থাকতে হবে।

২৬/১১/২০২৫
পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০